

## আন্তর্জাতিক মাতৃভাষা পদক ও সম্মাননা

ভাষা ও ভাষা বিষয়ক গবেষণায় অবদানের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা পদক ও সম্মাননা (জাতীয় ও আন্তর্জাতিক) প্রতি দুই বছর অন্তর দেয়া হয়। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মাতৃভাষার সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ব্যক্তি ও সংগঠন পর্যায়ে এ পদক ও সম্মাননা প্রদান করা হয়ে থাকে। পদক ও সম্মাননার মধ্যে রয়েছে ১৮ ক্যারেট মানের ৩৫ (পয়ত্রিশ) গ্রাম ওজনের স্বর্ণপদক, নগদ অর্থ ও সম্মাননাপত্র। ২০২১ সালে প্রথমবারের মতো এ পদক প্রদান করা হয়। এ পর্যন্ত পদক প্রাপ্তদের তালিকা নিম্নরূপ:

### আন্তর্জাতিক মাতৃভাষা পদক ও সম্মাননা প্রাপ্তদের তালিকা

| বিষয়                                | সাল  | প্রাপক   | মন্তব্য   |
|--------------------------------------|------|--|---|
| আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক      | ২০২১ | <b>প্রফেসর ড. রফিকুল ইসলাম</b><br>ভাষা সৈনিক, নজরুল গবেষক,<br>জাতীয় অধ্যাপক, লেখক ও সাবেক<br>অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়               | মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠায় ভাষা আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ, ভাষা আন্দোলনের দুর্লভ আলোকচিত্র ধারণ, সংগ্রহ এবং সাহিত্যকর্মের মাধ্যমে জাতীয় পর্যায়ে মাতৃভাষার বিকাশ, উন্নয়ন ও সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য তাঁকে আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক প্রদান করা হয়।   |
|                                      |      | <b>জনাব মথুরা বিকাশ ত্রিপুরা</b><br>নির্বাহী পরিচালক, জাবারাং<br>কল্যাণ সমিতি, খাগড়াছড়ি।   | ত্রিপুরা ভাষা ককবরকসহ বিভিন্ন ক্ষুদ্র নৃ গোষ্ঠীর মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন, বিকাশ ও এসব ভাষায় শিক্ষা কার্যক্রম প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য তাকে পদক প্রদান করা হয়।  |
| আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক | ২০২১ | <b>জনাব ইসমাইল গুলম</b><br><b>মিজায়েতিচ</b> (উজবেকিস্তান)   | মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন, বিকাশ এবং গবেষণার মাধ্যমে মাতৃভাষার উন্নয়ন, প্রসার ও শক্তিশালীকরণে অবদান রাখার জন্য তাকে পদক প্রদান করা হয়।   |
|                                      |      | <b>অ্যাক্টিভিজমো ল্যাঙ্গোয়াজ</b><br>(বলিভিয়া)  | লাতিন আমেরিকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আদি ভাষাগুলোর সংরক্ষণ ও বিকাশে অবদান রাখার জন্য বলিভিয়া সংগঠন 'অ্যাক্টিভিজমো ল্যাঙ্গোয়াজ'কে পদক প্রদান করা হয়।  |
| আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক      | ২০২৩ | <b>জনাব রনজিত সিংহ</b><br>অবসরপ্রাপ্ত কলেজ শিক্ষক,<br>গবেষক ও কথাসাহিত্যিক   | সাহিত্য চর্চা, গবেষণা ও বইপত্র প্রকাশের মাধ্যমে মনিপুরী বিষ্ণুপ্রিয়া ভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশের কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য তাকে আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক প্রদান করা হয়।  |
|                                      |      | <b>জনাব হাবিবুর রহমান</b><br>অতি. আইজি, বাংলাদেশ পুলিশ<br>(টুরিস্ট পুলিশের প্রধান)   | বেদে সম্প্রদায়ের ঠার ভাষা নিয়ে গবেষণা এবং এই জনগোষ্ঠীর মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে ভূমিকা রাখায় তাঁকে এই পদক প্রদান করা হয়। এ বিষয়ে 'ঠার: বেদে জনগোষ্ঠীর ভাষা' তার উল্লেখযোগ্য গবেষণা গ্রন্থ। এ ছাড়াও তার বেশ কয়েকটি গবেষণামূলক বই রয়েছে।   |
| আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক | ২০২৩ | <b>জনাব মহেন্দ্র কুমার মিশ্র</b> (ভারত)<br>ভাষাবিদ, লোকসাহিত্যিক, গবেষক<br>প্রাইমারি স্কুলে মাতৃভাষাভিত্তিক<br>বহুভাষিক শিক্ষার প্রবর্তক | বহুভাষিক শিক্ষা বিষয়ে 'রাজ্য সমন্বয়কারী' হিসেবে ওড়িশা ও ছত্তিশগড়ের প্রাথমিক বিদ্যালয়গুলোতে মাতৃভাষাভিত্তিক বহুভাষিক শিক্ষার প্রবর্তন, স্কুল শিক্ষায় বিপন্ন ভাষার প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ও প্রাইমারি স্কুলের পাঠ্যক্রমে লোককথার ব্যাপক ব্যবহারের মাধ্যমে মাতৃভাষার প্রচার ও প্রসারে অবদান রাখার জন্য তাঁকে এ পদক প্রদান করা হয়। |
|                                      |      | <b>Mother Language Lover's of the World Society (MLLWS),</b><br>Vancouver, Canada (For:<br>Aminul Islam,<br>President,MLLWS).            | 'মাদার ল্যাঙ্গুয়েজ লাভারস অব দি ওয়ার্ল্ড সোসাইটি' ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা প্রদানের প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। এ অবদানের স্বীকৃতি হিসাবে এ প্রতিষ্ঠানকে আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক প্রদান করা হয়।  |

### এক নজরে আন্তর্জাতিক মাতৃভাষা পদক ও সম্মাননা

| সাল  | প্রাপক   | মন্তব্য                              |
|------|--|--------------------------------------|
| ২০২১ | ক. প্রফেসর ড. রফিকুল ইসলাম (০১/০১/১৯৩৪-৩০/১১/২০২১)<br>খ. জনাব মথুরা বিকাশ ত্রিপুরা (জন্ম ২৬/০৫/১৯৭৪-)  | আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক      |
|      | ক. জনাব ইসমাইল গুলম মিজায়েতিচ (উজবেকিস্তান; জন্ম ১২/০৮/১৯৮২-)<br>খ. অ্যাক্টিভিজমো ল্যাঙ্গোয়াজ (বলিভিয়া)   | আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক |
| ২০২৩ | ক. জনাব রনজিত সিংহ (জন্ম ২১/০২/১৯৫৫-)<br>খ. জনাব হাবিবুর রহমান (জন্ম ০১/০১/১৯৬৭-)  | আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক      |
|      | ক. জনাব মহেন্দ্র কুমার মিশ্র (ভারত; জন্ম ০১/০৪/১৯৫২ - )<br>খ. Mother Language Lover's of the World Society (MLLWS),<br>Vancouver, Canada (For: Aminul Islam, President,MLLWS). | আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক |